গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
রেলভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা

বিষয়ঃ "বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (১ম সংশোধিত)"শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)-এর সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : ১০ এপ্রিল, ২০২২, বেলা ১২.৩০ টা |
| স্থান | : রেল ভবনস্থ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৯৩০), রেলভবন, ঢাকা |

সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), যুগ্মসচিব (পরিকল্পনা/উন্নয়ন), উপসচিব (পরিকল্পনা-১/উন্নয়ন-৩), সিনিয়র সহকারি সচিব (পরিকল্পনা-৩), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), প্রধান পরিকল্পনা কর্মকর্তা, প্রকল্প পরিচালক, জ্যেষ্ঠ পরিকল্পনা কর্মকর্তা-২ উপস্থিত ছিলেন। এছাড়া, সভায় অর্থ বিভাগ, পরিকল্পনা বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধিগণ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম, ভৌত অবকাঠামো ও সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধিগণ অনলাইনে সংযুক্ত ছিলেন। উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' তে সংযুক্ত।

## ২.০। **উপস্থাপনা ও আলোচনা**

২.১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় প্রকল্প বিষয়ে তথ্যাদি উপস্থাপন করতে বলেন। অত:পর প্রকল্প পরিচালক প্রকল্পটির উদ্দেশ্য, প্রাক্কলিত ব্যয়, কাজের অগ্রগতি তুলে ধরে প্রকল্পটির কার্যকাল বৃদ্ধির যৌক্তিকতা ব্যাখ্যা করেন এবং প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।

২.২। প্রকল্প পরিচালক সভায় জানান, "বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন" প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ০১.০৭.২০১৫ থেকে ৩০.০৬.২০১৭ তারিখ এবং প্রাক্কলিত ব্যয় ৪৭৮৪.২৬ লক্ষ টাকা। পরবর্তীতে ১ম দফায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি ১৭.১২.২০১৯ তারিখে একনেক-এ অনুমোদিত হয়; যার বাস্তবায়নকাল ০১.০৭.২০১৫ থেকে বেড়ে ৩০.০৬.২০২১ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয় এবং সংশোধিত প্রাক্কলিত ব্যয় হয় ৯২২৮.০৮ লক্ষ টাকা। গেট সুরক্ষা এবং জান-মালের ক্ষতিরোধের নিমিত্ত পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২য় বারের মত ০১.০৭.২০১৫ থেকে ৩০.০৬.২০২২ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রকল্পের অধীনে ৩২৬ টি গেটের জন্য ৮৫১ টি গেট কিপারের পদের সংস্থান রয়েছে। উক্ত সংস্থান মোতাবেক প্রকল্পের অধীনে সৃজিত পদে গেট কিপার নিয়োগ সম্পন্ন হয়। প্রকল্পের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগকৃত গেট কিপারের পদগুলো রাজস্ব খাতে সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ২৫.০৮.২০১৯ তারিখে রেলপথ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১.০৯.২০২০ তারিখের পত্রের আলোকে ০২.০৩.২০২২ তারিখে সংশোধিত প্রস্তাব বাংলাদেশ রেলওয়ে-তে প্রেরণ করা হয়; যা প্রক্রিয়াধীন। তিনি বলেন, প্রক্রিয়াটি সময়সাপেক্ষ এবং ডিপিপি'র সংস্থান

অনুযায়ী আরো এক বছর সময় বৃদ্ধি করলেও অতিরিক্ত ব্যয় হবে না বিধায় রেলযান ও সড়কযানের নিরাপত্তার স্বার্থে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন।

২.৩। উপরিউক্ত উপস্থাপনের পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন, দেশে বহুমুখী যোগাযোগ ব্যবস্থা এবং এর সম্প্রসারণের কারণে নতুন করে রেলগেট নির্মাণ এবং নির্মিত গেটে সুরক্ষা প্রয়োজন। আলোচ্য প্রকল্পের অধীনে ৩২৬টি গেট সুরক্ষার জন্য জনবল নিয়োগ করা হয়। প্রকল্পটির মেয়াদ শেষ হওয়ায় প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত গেট কিপার দ্বারা এসব গেটের নিরাপত্তা বিধান সম্ভব হবে না। আবার রাজস্বখাতে পদ সৃজন করে জনবল নিয়োগ সময়সাপেক্ষ বিধায় চলমান প্রকল্পটির মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করতঃ নিয়োগকৃত গেট কিপারের মাধ্যমে এসব গেটে সুরক্ষা দেওয়া যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধিতে একমত পোষণ করা হয়।

৩.০। **সিদ্ধান্ত**

বিস্তারিত আলোচনান্তে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাবটি অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়।

৪.০। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

20/08/2022

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব